ইত্তেফাক

066

তারিখ 01 JAN 1986
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 4 ...

# আজ হইতে প্রাথমিক শিক্ষা পক্ষ পালন

আজ ১লা জানুয়ারী হইতে ১৪ই জানুয়ারী পর্যন্ত সারাদেশে প্রাথমিক শিক্ষা পক্ষ পলনের কর্মসূচী নেওয়া হইয়াছে। জনগণের মধ্যে প্রাথমিক শিক্ষা সম্পর্কে আগ্রহ, উদ্দীপনা ও অনুরাগ সৃষ্টি করা এবং স্কুল ম্যানেজিং কমিটি, শিক্ষক, অভিভাবক, সমিতি এবং স্কুল শিক্ষকদের মধ্যে নিজ নিজ দায়িত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করাই এই পক্ষ পালনের উদ্দেশ্য।

প্রাথমিক শিক্ষা পক্ষ পালন উপলক্ষে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ স্কুল নির্বাচন, বার্ষিক ক্রীড়ানুষ্ঠান ছাত্র-ছাত্রীদের হাতের কাজ, স্থানীয় কৃষিজাত দ্রব্য ও হস্তশিল্প দ্রব্যাদির প্রদর্শনী, বিচিত্রানুষ্ঠান ইত্যাদি কর্মসূচী পালনের কর্মসূচী গ্রহণ করা হইয়াছে। এ উপলক্ষে গত ২৮শে ডিসেম্বর ঢাকায় উপজেলা শিক্ষা অফিসার শিক্ষা কর্মকর্তাদের এক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে দেশের বিভিন্ন উপজেলা হইতে ৪৮৫ জন শিক্ষা কর্মকর্তা যোগদান করেন।

এদিকে ঢাকাসহ সারাদেশের প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে সরকারী ব্যয়ে বই বিতরণের কাজ ১৫ই জানুয়ারী শেষ হইবে। স্কুল পর্যায়ে প্রধান শিক্ষকের মাধ্যমে পুস্তক বিতরণ করা হইবে। খবর সরকারী তথ্য বিবরণীর।